



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র/২০১১/১৯১৩


তারিখঃ ১৮/০৫/২০১৫ ইং

প্রেস বিজ্ঞপ্তি

Aman Feed Limited এর প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর চাঁদাগ্রহণ চলতি মাসে শুরু হচ্ছে। উক্ত IPO এর চাঁদা (Subscription) বিএসইসি এর নতুন নিয়মানুযায়ী “Banker to the issue” এর পরিবর্তে স্টক ব্রোকার (TREC Holder) এবং মার্চেন্ট ব্যাংক এর মাধ্যমে গ্রহণ করা হবে।

উল্লেখ্য, গতকাল (১৭/০৫/২০১৫ইং) দৈনিক স্টক বাংলাদেশ নামক একটি অনলাইন পত্রিকায় “দুটি ধারায় আইপিও আবেদন চলবে” শিরোনামে কমিশনের মুখপাত্রের বরাত দিয়ে ১টি বিভ্রান্তিমূলক সংবাদ পরিবেশন করা হয়। এই বিষয়ে কমিশনের মুখপাত্রের সাথে উক্ত সংবাদে বর্ণিত সিনিয়র রিপোর্টার এর কোন আলোচনা হয় নাই। এছাড়াও অদ্য ১৮/০৫/২০১৫ইং তারিখে “২টি ধারায় IPO এর আবেদন করা যাবে। তবে ----” শিরোনামে আরো ১টি ভুল সংবাদ পরিবেশিত হয়েছে। যেখানে উল্লেখ করা হয়েছে যে, “বিদেশী বিনিয়োগকারীরা কোম্পানীর আইপিওতে ব্যাংকের মাধ্যমে আবেদন করতে পারবে।”

প্রকৃতপক্ষে ব্যাংকের মাধ্যমে IPO এর চাঁদাগ্রহণের প্রক্রিয়া বিলুপ্ত হয়েছে। Aman Feed Limited এর IPO আবেদনের চাঁদাগ্রহণ থেকে NRB এবং বিদেশী বিনিয়োগকারীসহ সকল প্রকার বিনিয়োগকারীর চাঁদা স্টক ব্রোকার/ট্রেডার এবং মার্চেন্ট ব্যাংকের মাধ্যমে গ্রহণ করা হবে।


১৮/০৫/২০১৫
মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র